অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওলানা স্টেট ঐতিহাসিক সাইটে 25 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়নকাজের ঘোষণা করলেন

নতুন সরকারি/বেসরকারি অংশীদারিত্বের ওরিয়েন্টেশন সেন্টার দর্শকদের অভিজ্ঞতা উন্নত করবে

প্রধান চিত্রকর্ম প্রকল্প, ফ্যাসিলিটি রক্ষণাবেক্ষণে নতুন উপায় অনুসন্ধান, সৌর, সাধারণ সাইট উন্নয়নকাজ হবে

রেন্ডারিংগুলি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে ওলানা স্টেট ঐতিহাসিক সাইটটিতে (Olana State Historic Site) আগামী দুই বছর ধরে প্রধান ক্যাপিটাল ও সাইট উন্নয়নকাজ হবে, যার মধ্যে থাকবে ফ্রেডরিক চার্চ আর্ট ও ল্যান্ডস্কেপ সেন্টার (Frederic Church Center for Art and Landscape) নির্মাণ, কলম্বিয়া কাউন্টির হাডসনের ঐতিহাসিক সাইটটিতে একটি নতুন প্রবেশ ও ওরিয়েন্টেশন ফ্যাসিলিটি। টেকসইভাবে নকশাকৃত, সম্পূর্ণ বৈদ্যুতিক ফ্রেডরিক চার্চ সেন্টারটি ওলানা স্টেট ঐতিহাসিক সাইটে সকল দর্শকদের জন্য একটি গেটওয়ে হবে এবং সাইটের 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মার্কি প্রকল্প হবে।

"নতুন প্রকল্পসমূহ গঠিত হবে ওলানার লিগেসির উপর, যা হলো শিল্পী ফ্রেডরিক চার্চ ও তার পরিবারের ভিশনারি বাড়ি, স্টুডিও এবং ল্যান্ডস্কেপ নকশা," **গভর্নর হোকল বলেন।** "ফ্রেডরিক চার্চ সেন্টারটি এই ক্যানভাসে সংযোজন করবে এবং নিউ ইয়র্ক স্টেটের সবথেকে মনোমুগ্ধকর সুন্দর স্থানগুলির একটিতে পৃষ্ঠপোষকদের স্বাগত জানাবে।"

"এই 25 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়ন কাজের ফলে ওলানা আরেকবার আমাদের স্টেটের এবং বাইরের দর্শকদের স্বাগত জানাবে শ্বাসরোধকারী সুন্দর দৃশ্য কর্মকাণ্ডেরএবং শিক্ষা কর্মসূচির জন্য," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন**। "এই অংশীদারিত্বের প্রতি সকলের প্রতিশ্রুতিকে ধন্যবাদ এবং আমরা সকলকে আরেকবার ওলানাকে দেখতে আসার জন্য আমন্ত্রণ জানাচ্ছি।"

ভবনটিতে থাকবে প্রশস্ত প্রবেশ লবি টিকেট ও ওরিয়েন্টেশনের জন্য, একটি ক্যাফে, বাথরুম, এবং একটি বহু উদ্দেশ্যের কক্ষ যা আউটডোর টেরাসের ও পথের সাথে সংলগ্ন থাকবে যা ওলানার ঐতিহাসিক ক্যারেজ রাস্তার নেটওয়ার্কের সাথে যুক্ত হয়, এবং 250 একরের ঐতিহাসিক ল্যান্ডস্কেপের সম্পূর্ণটিকে জনগণের ব্যাখ্যার একটি অবিচ্ছেদ্য অংশ করে।জাতীয় ঐতিহাসিক ল্যান্ডমার্ক (National Historic Landmark) এবং নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক সাইটের (New York State Historic Site) প্রধান প্রবেশ পয়েন্ট হিসেবে, যা প্রতি বছর 200,000-র বেশি দর্শক আকৃষ্ট করে, ফ্রেডরিক চার্চ সেন্টারটি একটি অত্যন্ত দৃশ্যমান, জনগণের প্রবেশযোগ্য টেকসই নকশা ও কার্বন নিরপেক্ষ নির্মাণ প্রদর্শন করবে।

ওলানা হাডসনে হাডসন রিভার স্কুলের (Hudson River School) শিল্পী ফ্রেডরিক এডউইন চার্চের একটি 19 শতকের বাড়ি, স্টুডিও এবং নকশা করা ল্যান্ডস্কেপ।এইসব মুখ্য প্রকল্প হলো পুরস্কার বিজয়ী কৌশলী ল্যান্ডস্কেপ নকশা পরিকল্পনার (Strategic Landscape Design Plan) ফল যা 2015 সালে নিউ ওয়ার্ক স্টেট পার্কস (New York State Parks), ওলানা পার্টনারশিপ (Olana Partnership), LA গ্রুপ (LA Group) এবং নেলসন, বার্ড ওয়ল্টজ ল্যান্ডস্কেপ আর্কিটেক্টস (Nelson, Byrd Woltz Landscape Architects) মিলে গঠন করে।পরিকল্পনাটি আমেরিকান ল্যান্ডস্কেপ স্থপতিদের সোসাইটি (American Society of Landscape Architects) থেকে বিশ্লেষণ ও পরিকল্পনার জন্য 2017 জাতীয় সম্মান পুরস্কার (National Honor Award for Analysis and Planning) লাভ করে।

নিউ ইয়র্ক স্টেট পার্কসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "ওলানার বার্ষিক 200,000-র বেশি দর্শককে একটি দুর্দান্ত এবং প্রশস্ত নতুন ওরিয়েন্টেশন সাইটে স্বাগত জানানো হবে বাইরের স্থান উপভোগ করার পূর্বে, যেখানে তারা হাঁটতে, হাইক, পিকনিক, ছবি আঁকা, ছবি তোলা এবং স্বপ্ন দেখতে পারবে ঠিক যেভাবে চার্চ পরিবার শতাব্দী আগে করেছিলো। আমরা ওলানা পার্টনারশিপ, সহযোগী স্টেট এজেন্সির সাথে আমাদের সংযোগ এবং ওলানা স্টেট ঐতিহাসিক সাইটের সমর্থনে অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট কর্তৃক নিশ্চিত করা 1 মিলিয়ন মার্কিন ডলার স্টেট ও মিউনিসিপ্যাল ফ্যাসিলিটিজ কর্মসূচি অনুদান নিয়ে কৃতজ্ঞ।"

ওলানা পার্টনারশিপের ওয়াশবার্ন এবং সুসান ওবারওয়েজারের (Washburn & Susan Oberwager) প্রেসিডেন্ট ডাঃ শন সয়ার বলেন, "ছাপ্পান্ন বছর পূর্বে বেসরকারি নাগরিক ও নিউ ইয়র্ক স্টেট একত্রে এসে ওলানাকে ধ্বংসের হাত থেকে রক্ষা করে।পরবর্তী দশকগুলিতে, ওলানার সরকারি বেসরকারি অংশীদারিত্ব সরকারি স্থান রক্ষার্থে একটি জাতীয় উদাহরণ হয়ে থেকেছে।আজকে, ওলানা পার্টনারশিপ ওলানার গল্পের পরবর্তী, অসাধারণ গল্পটির সূচনা করতে চলেছে, এমন একটি গল্প যেখানে আমাদের বোর্ড ও সমর্থকদের প্রতিশ্রুতির সাথে যুক্ত হয়েছে নিউ ইয়র্ক স্টেট যাতে নতুন প্রজন্মের জন্য ফ্রেডরিক চার্চের ভিশনকে সম্পূর্ণ করা যায়।"

আগামী বছরের অতিরিক্ত প্রকল্পের মধ্যে রয়েছে: ঐতিহাসিক বাড়ির সম্পূর্ণ বাহ্যিক অংশকে রঙ করা (1.5 মিলিয়ন মার্কিন ডলার); একটি অত্যাধুনিক রক্ষণাবেক্ষণ ফ্যাসিলিটি নির্মাণ (6 মিলিয়ন মার্কিন ডলার); একটি বাঁধ এবং স্পিলওয়ে সংস্কার, নতুন আমেরিকানস উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) পার্কিং স্থান, অন্ধকার আকাশে বাতি এবং স্থানীয় উদ্ভিদের প্রজাতি (2 মিলিয়ন মার্কিন ডলার)।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন, "মার্কেট নিউ ইয়র্ক (Market New York) কর্মসূচির মাধ্যমে, আই লাভ NY (I LOVE NY) ওলানার উন্নয়নকাজের মতো গুরুত্বপূর্ণ আঞ্চলিক পর্যটন প্রকল্পকে সমর্থন করে। এই অনন্য ইতিহাসের মধ্যে দিয়ে পথ (Path Through History) আকর্ষণটি হাডসন ভ্যালির গল্প বলতে সাহায্য করে, এবং অঞ্চলে যা দেখার ও করার আছে, যেমন ঐতিহাসিক বাড়ি, ভাস্কর্যের পার্ক, অসাধারণ খাদ্য ও পানীয়, তার সাথে দুর্দান্তভাবে সংযোজন করে। ওলানার হালনাগাদকরণ এই অবশ্যই দেখার মতো গন্তব্যের দর্শক অভিজ্ঞতা রূপান্তরিত করে এবং বিশ্বের সকল স্থান থেকে অতিথিদের স্বাগত জানায়।"

নিউ ইয়র্ক স্টেটের শক্তি ও গবেষণা কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন হ্যারিস বলেন, "NYSERDA ওলানা স্টেট ঐতিহাসিক সাইটের উন্নয়নকাজের অগ্রগতি দেখতে উন্মুখ, যা পরিচ্ছন্ন ও স্থিতিস্থাপক নকশার একটি মডেল হিসেবে কাজ করবে যেখানে শক্তি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ বৈশিষ্ট্য, এবং সার্বিকভাবে অপেক্ষাকৃত কম কার্বন পদচিহ্নের জন্য পরিচ্ছন্ন নবায়নযোগ্য সৌর শক্তি এবং বৈদ্যুতিক যান চার্জিং অন্তর্ভুক্ত করা হবে।এই প্রকল্পটি এমন একটি স্থান উন্নত করবে যা ইতিমধ্যেই হাডসন সম্প্রদায়ের একটি রত্ন এবং একই সাথে দর্শকমুখী দৃষ্টিভঙ্গি থেকেই সবুজতর একটি সাইটের স্বাস্থ্য সুবিধা প্রদান করবে এবং সেই সাথে পর্দার অন্তরালের রক্ষণাবেক্ষণ কাজ 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু আইন (Climate Act) লক্ষ্যকে সমর্থন করবে।"

নিউ ইয়র্ক স্টেটের সিনেটর ড্যাফনি জর্ডান বলেন, "ওলানা স্টেট ঐতিহাসিক সাইট একটি স্থাপত্য, সাংস্কৃতিক এবং শৈল্পিক বিস্ময়। এই জাতীয় সম্পদটিকে আমাদের স্থানীয় সম্প্রদায় থেকে এতো কাছে পেয়ে আমরা কতটা সৌভাগ্যবান তা বলে শেষ করা যাবে না। যতবার আমি ওলানাতে গিয়েছি, আমি অনুপ্রাণিত হয়ে ফিরে এসেছি, নতুন কিছু শিখেছি এবং ফ্রেডরিক চার্চের প্রতিভা, মেধা এবং অতুলনীয় ভিশনের আরো গভীর কদর করেছি। ওলানা সত্যিকারের আমেরিকান সাংস্কৃতিক পরশপাথরগুলির একটি এবং আমি আনন্দিত যে উন্নয়নকাজের প্রকল্পটিকে অগ্রসর করতে, বিশেষ করে ফ্রেডরিক চার্চ সেন্টার নির্মাণে 25 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল বিনিয়োগ হচ্ছে। এই উদ্যোগটি অগ্রসর করার জন্য এবং আমাদের স্টেটের ঐতিহাসিক সাইট ও পার্ককে একটি সরকারি অগ্রাধিকার করার কৃতিত্ব গভর্নর হোকল এবং স্টেট পার্কসের কমিশনার কুলেসিডের। আমি এখানে ফিরে এসে সম্পূর্ণ প্রকল্পের এবং ওলানাতে নতুন অনেক দারুণ সংযোজনের অভিজ্ঞতা নেওয়ার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি, ওলানা আমাদের হাডসন ভ্যালি, ক্যাপিটাল রিজিয়ন এবং পুরো স্টেটের একটি প্রকৃত সম্পদ।"

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট বলেন, "ওলানা, হাডসন ভ্যালির সেরা রত্ন, হলো আমেরিকান শিল্প, দারুণ স্থাপত্য, দুর্দান্ত হাইক এবং শ্বাসরোধকারী দৃশ্য উপভোগ করে যারা তাদের জন্য মক্কা।নতুন ফ্রেডরিক চার্চ দর্শক কেন্দ্রটি দর্শকদের এই ল্যান্ডমার্কের পেছনে যেই ব্যক্তি তার সাথে পরিচিত করবে, 19 শতকের একজন চিত্রশিল্পী, স্থপতি, চাষী এবং সামাজিক কর্মী যার লিগেসি 21 শতকের সময়ের সাথেও বহাল আছে।আমি সম্প্রতি এই নতুন, কার্বন নিরপেক্ষ দর্শক কেন্দ্র নির্মাণের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার বিধানসভার অনুদান নিশ্চিত

করতে পেরে আনন্দিত হয়েছি এবং আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাচ্ছি ওলানার প্রতি তার অটুট কদর এবং আমাদের অঞ্চল ও স্টেটে এর অর্থনৈতিক প্রভাব সম্পর্কে তার উপলব্ধির জন্য।"

মেয়র কামাল জনসন বলেন, "আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই ওলানা স্টেট ঐতিহাসিক সাইটটি যে একটি স্থাপত্য ও সাংস্কৃতিক বিস্ময়, তার জন্য এটিকে স্বীকৃতি প্রদান করার জন্য। নতুন, কার্বন নিরপেক্ষ ফ্রেডরিক চার্চ দর্শক কেন্দ্রটি দর্শকদের জন্য এই অঞ্চলের নিখুঁত পরিচিতি হবে এবং স্থানীয়দের মনে করিয়ে দিবে কেন তারা হাডসন ভ্যালিকে বাড়ি বলতে পেরে গর্বিত। আমি প্রকল্পের কাজ শেষ হয়ে গেলে নতুন করে সাজানো সাইটটি এবং ওলানার সব কিছু উপভোগ করতে উন্মুখ।"

TOP আনুমানিক 10 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি ডোনেশন ও অনুদান সংগ্রহ করেছে যার মধ্যে রয়েছে 1.4 মিলিয়ন মার্কিন ডলারের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের বাজার NY আঞ্চলিক পর্যটন অনুদান (Empire State Development Market NY Regional Tourism Grant) এবং নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের কার্বন নিরপেক্ষ সম্প্রদায়ের অর্থনৈতিক বিকাশ অনুদান কর্মসূচির (Carbon Neutral Community Economic Development Grant Program) থেকে 1.8 মিলিয়ন মার্কিন ডলার সমর্থন।

নতুন ফ্রেডেরিক চার্চ কেন্দ্রের নকশায় রয়েছে একটি সম্পূর্ণ ভবন ব্যবস্থার পন্থা যা নিম্ন পরিবেশগত প্রভাব অর্জন করবে এবং সর্বনিম্ন রক্ষণাবেক্ষণ দ্বারা হ্রাসকৃত শক্তি ব্যয় করবে।এছাড়াও এটি ওলানার দর্শক ধারণক্ষমতা বৃদ্ধি করবে সাইটব্যাপী ব্যাখ্যামূলক কর্মসূচি ও বিনোদনের ব্যবহারের একটি ভিত্তি হিসেবে কাজ করে।নির্মাণ কাজ শুরু হতে যাচ্ছে 2023 সালের বসন্তে এবং খুলে দেওয়ার তারিখ হবে 2024 সালের বসন্তে।এখানে এখনো নকশা করা হয়নি এমন একটি সৌর উপাদান থাকবে।

ফ্রেডরিক চার্চ সেন্টার এবং ফ্যাসিলিটির কর্মকাণ্ডের সম্পূরক হিসেবে বিদ্যমান ওলানা রক্ষণাবেক্ষণ ভবনের সম্প্রসারণ ও হালনাগাদকরণ নকশা ইতিমধ্যে শুরু হয়ে গেছে।ভবনটিতে নতুন কার্যকারিতা থাকবে যেমন বৈদ্যুতিক সরঞ্জাম এবং যান চার্জিং স্টেশন এবং উন্নত কর্মী ফ্যাসিলিটি।সাইটের উন্নয়নকাজের মধ্যে থাকবে রক্ষণাবেক্ষণ এলাকার ভেতরে এবং আশেপাশে আরো ভালো চলাচল সাথে থাকবে উন্নত সরঞ্জাম ও উপাদান সংরক্ষণ ফ্যাসিলিটির ব্যবস্থা।পর্যায়টির কাজ শেষ করার লক্ষ্য 2024 সালের শেষের দিকে।

প্রকল্পটিতে এছাড়াও থাকবে 2023 সালে জানালা, দরজা, পোর্চ এবং আলংকারিক কার্নিশসহ ওলানার বাহ্যিক অংশের পুনরায় রং করা।সীমিত কাঠের কাজের পুনর্বাসন এবং জানালার গ্লেজিং থেকে অ্যাসবেস্টস অপসারণও প্রকল্পের অংশ হবে।

পাশাপাশি, ঐতিহাসিক ফার্ম কমপ্লেক্সের উন্নয়ন কাজ চলছে, ঐতিহাসিক এক একরের রান্নাঘরের বাগান পুনঃস্থাপনের জন্য ফার্ম কমপ্লেক্সের পার্কিং স্থান অস্থায়ীভাবে সরিয়ে নেওয়া হবে, বাতির ব্যবস্থা উন্নত করা হবে, কোজি কটেজের (Cosy Cottage) নিকট ADA পার্কিং তৈরি করা হবে, এবং লেকের বাঁধ ও স্পিলওয়ে মেরামত করা হবে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250টির বেশি পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদনমূলক ট্রেইল, গল্ফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর তত্ত্বাবধান করে, যেখানে বার্ষিক 78 মিলিয়নের বেশি মানুষ বেড়াতে যায়। এইসব বিনোদন এলাকার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন www.parks.ny.gov, বিনামূল্যে ডাউনলোড করুন NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি বা ফোন করুন 518.474.0456 নম্বরে। এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম ও টুইটারে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418